দৈনিক সংবাদ

তারিখ ...
পৃষ্ঠা ৭ কলাম ৭

NOV. 25 2002

## দেবীদ্বারে প্রশাসনিক জটিলতা

# প্রা. বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের উপবৃত্তির টাকা ঈদের আগে প্রদান অনিশ্চিত

দেবীদ্বার (কুমিল্লা) থেকে সংবাদদাতা : দেবীদ্বার উপজেলাধীন সরকারি-বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের মোট ৬৬ হাজার ৪শ' ২৮ জন ছাত্রছাত্রীর ৪০ ভাগ অর্থাৎ ২৬ হাজার ৫শ' ৭১ জন ছাত্রছাত্রীদের জন্য জুলাই-আগস্ট-সেপ্টেম্বরসহ ৩ মাসের জনপ্রতি ৩শ' টাকা করে বরাদ্দকৃত উপবৃত্তির ৭৯ লাখ ৭১ হাজার ৩শ' টাকা বিতরণ প্রশাসনিক জটিলতায় ঈদের আগে দেয়ার বিষয়টি অনিশ্চিত হয়ে পড়েছে।

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের যুগ্ম-সচিব ও প্রকল্প পরিচালক এ. কে. এম মাহবুব আলম কর্তৃক সইকৃত এক স্মারকে জনতা ব্যাংকের মাধ্যমে কর্মসূচির অর্থ বিতরণের নির্দেশ থাকলেও মাত্র ২৩ হাজার ৭শ' ১৬ জন ছাত্রছাত্রীর জন্য ৬৯ লাখ ৬৪ হাজার ২শ' ৭৫ টাকা বরাদ্দ আসায় এবং বাকি ২ হাজার ৮শ' ৫৫ জন ছাত্রছাত্রীর ৮ লাখ ৫৬ হাজার ৫শ' টাকা কম আসায় বিতরণ সমন্বয়ে সমস্যা দেখা দিয়েছে।

তাছাড়া বিগত দিনে পরিচালিত সোনালী ব্যাংক ছাত্রছাত্রীদের বৈধ অভিভাবকদের ছবি সংবলিত কার্ডের মাধ্যমে টাকা বিতরণ প্রকল্প স্থগিত করে দিয়েছে এবং জনতা ব্যাংকের মাধ্যমে নতুন করে ২৬ হাজার ৫শ' ৭১ জন ছাত্রছাত্রীর বৈধ অভিভাবকদের ২ কপি ছবিসহ হলুদ ও সাদা কার্ড তৈরির মাধ্যমে উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশে ১৯শে নভেম্বর উপজেলা শিক্ষা অফিসার কর্তৃক সইকৃত ১১৪৫ নং স্মারকে জনতা ব্যাংককে ৩০শে নভেম্বরের মধ্যে টাকা বিতরণপূর্বক ৮ই ডিসেম্বরের মধ্যে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের প্রকল্প অফিসে উপবৃত্তির অবমুক্ত টাকা প্রদানের সমাপ্তি প্রতিবেদন পাঠানোর নির্দেশ দেয়া হয়েছে।

ইতোমধ্যে ১৮ই নভেম্বর থেকে ৯ই ডিসেম্বর পর্যন্ত বেশিরভাগ প্রাথমিক বিদ্যালয়গুলোতে রমজান ও ঈদের ছুটি দেয়া হয়ে গেছে। ফলে স্কুল বন্ধের মধ্যে ছাত্রছাত্রীদের অভিভাবকদের খুঁজে এনে ছবি সংবলিত কার্ড তৈরির মাধ্যমে ঈদের আগে উপবৃত্তির টাকা প্রদান অনিশ্চিত হয়ে পড়েছে। তাছাড়া সদ্য ঘোষিত পৌরসভার আওতাধীন স্কুলগুলোর ছাত্রছাত্রীদের উপবৃত্তি প্রদানের কোন অধ্যাদেশ পায়নি বলেও সংশ্লিষ্ট কর্মচারীরা জানিয়েছেন।